দৈনিক জনকণ্ঠ

55

তারিখ ... ... NOV 07 1999...
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৪ ......

*আব্দুল বাতেন ফকির*
ফাউগান, শ্রীপুর, গাজীপুর।

## নকলের প্রশিক্ষণের এক নেপথ্য নায়ক

আমি গাড়ফা গ্রামের একজন অধিবাসী। আমার বাড়ি থেকে স্থানীয় মাধ্যমিক বিদ্যালয়টি অল্প কিছু দূরে। আমাদের এ বিদ্যালয়টি বাগেরহাট থানায় সুপরিচিত। এর নাম ওয়াজেদ মেমোরিয়াল মাধ্যমিক (পাইলট) বিদ্যালয়। এটি ১৯৩৮ সালে শেরে বাংলা এ কে ফজলুল হক উদ্বোধন করেন। এই বিদ্যালয়ে দূরদূরান্ত থেকে অনেক ছাত্রছাত্রী আসে কিছু শিখতে। কিন্তু স্থানীয় এক দুর্বৃত্ত বিদ্যালয়ে আসে ক্লাস নিতে। আসলে সে বিদ্যালয়ের কোন শিক্ষক নয়। সে শুধু অন্য শিক্ষকের অনুপস্থিতিতে বিদ্যালয়ে ক্লাস নেয়। সে কোমলমতি ছাত্রছাত্রীদের শ্রেণীকক্ষে এসে তাদের প্রাইভেট পড়তে আগ্রহী করে। সে শুধু এখানেই ক্ষান্ত নয়, বরং সে এসব ছাত্রছাত্রীদের বিশেষ করে দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করতে শেখায়। সে বর্তমানে মোল্লাহাট সাব রেজিস্ট্রি অফিসের কাছে ওয়াপদা রাস্তার পাশে টিন শেডে অবস্থান করে একটি কোচিং স্কুল চালু করেছে। সে উল্লিখিত মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষা চলাকালীন বিভিন্ন কক্ষে প্রবেশ করে ছাত্রছাত্রীদের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করতে সাহায্য করে। শোনা যাচ্ছে, সে ২০০০ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্রে ঢুকে হলের দরজা বন্ধ করে এ কাজ করবে।

যথাযথ কর্তৃপক্ষের কাছে আবেদন, উক্ত ব্যক্তিকে আইনানুগ ব্যবস্থার দ্বারা প্রতিহত এবং কঠোর শাস্তি প্রদানের মাধ্যমে কোমলমতি ছাত্রছাত্রীদের নকল প্রবণতার বিষবাষ্প থেকে রেহাই দিয়ে সুষ্ঠুভাবে পরীক্ষায় অংশগ্রহণের কার্যকর পদক্ষেপ নেয়া হোক।

*মোঃ আকবর আলী*
গ্রাম-গাড়ফা, থানা+পোঃ মোল্লাহাট
জেলা-বাগেরহাট।